



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/1/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করলেন যে এইডস দিবসের স্বীকৃতিস্বরূপ স্টেটের  
ল্যান্ডমার্কসমূহকে আলোকিত করা হবে

1 ডিসেম্বর, শুক্রবার সন্ধ্যায় পুরো স্টেটের 14টি ল্যান্ডমার্ককে লাল আলোয় আলোকিত  
করা হবে

গভর্নর হোকল বিশ্ব এইডস দিবসের স্বীকৃতি প্রদান করে ইস্তেহার জারি করলেন;  
ইস্তেহারটি পড়ুন [এখানে](#)

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে, বিশ্ব এইডস দিবসের (World AIDS Day) স্বীকৃতিস্বরূপ 1 ডিসেম্বর, শুক্রবার সন্ধ্যায় পুরো নিউ ইয়র্কের 14টি ল্যান্ডমার্ককে লাল আলোয় আলোকিত করা হবে।

"বিশ্ব এইডস দিবসে, আমরা এই মহামারীতে প্রাণ হারানো ব্যক্তিদের জন্য শোক প্রকাশ করি,"  
গভর্নর হোকল বলেন। "এছাড়াও আমরা বর্তমানে এই ব্যাধির সাথে লড়াই করতে থাকা নিউ  
ইয়র্কবাসীদের সম্মান জানাই, যদিও আমরা পুরো স্টেটে হিউমেন ইমিউনোডেফিসিয়েন্সি  
ভাইরাস (Human immunodeficiency virus, HIV) সংক্রমণ হ্রাস করার ব্যাপারে অগ্রগতি  
করেছি, আমরা জানি যে আরো কাজ বাকি আছে। আজকে আমরা এই মহামারী চিরতরে নির্মূল  
করার জন্য আমাদের প্রয়াসের ব্যাপারে পুনরায় প্রতিশ্রুতি গ্রহণ করছি।"

এছাড়াও গভর্নর হোকল 1 ডিসেম্বরকে নিউ ইয়র্কে বিশ্ব এইডস দিবস হিসেবে ঘোষণা করে  
একটি [ইস্তেহার](#) জারি করেছেন। বিশ্ব এইডস দিবসকে সামনে রেখে, HIV আক্রান্ত ব্যক্তিদের  
দীর্ঘমেয়াদি সেবা ফ্যাসিলিটিতে বৈষম্যের সম্মুখীন হওয়া থেকে রক্ষা করতে গভর্নর হোকল  
[বিধিমালা](#) স্বাক্ষর করেছেন, যা নিউ ইয়র্কের মানবাধিকার আইন (Human Rights Law) দ্বারা  
প্রতিষ্ঠিত বিদ্যমান সুরক্ষার অনুবর্তী।

স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "বিশ্ব এইডস দিবস হলো অল্প  
বয়সে এই মহামারীতে প্রাণ হারানো ব্যক্তিদের কথা চিন্তা করার এবং ভবিষ্যৎ প্রজন্মের কাছে  
যাতে তাদের স্মৃতি হারিয়ে না যায় তা নিশ্চিত করার একটি সময়। নিউ ইয়র্কে এই মহামারী শেষ  
করার ব্যাপারে আমাদের লক্ষ্যের কাছে পৌঁছাতে যে কাজ করা হয়েছে তা নিয়ে আমি গর্বিত,  
কিন্তু নির্ণীত HIV আক্রান্ত ব্যক্তিদের স্বাস্থ্যের ক্ষেত্রে পদ্ধতিগত প্রতিবন্ধকতা নির্মূল করতে এবং

সামাজিক নির্ণায়ক উন্নত করতে নতুন, উদ্ভাবনী উপায় খুঁজে বের করার জন্য আমাদের আরো কাজ করতে হবে।"

যেসব বিখ্যাত স্থানগুলি আলোকিত করা হবে তার মধ্যে আছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center, 1WTC)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল SUNY ভবন (H. Carl McCall SUNY Building)
- স্টেটের শিক্ষা ভবন (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস ভবন (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট ও এক্সপো সেন্টার
- নায়াগ্রা ফলস
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ
- ময়নিহান ট্রেন হল (Moynihan Train Hall)
- হাডসন স্টেট হিস্টোরিক পার্কের উপরস্থ ওয়াকওয়ে (Hudson State Historic Park)

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)